মহাদেবপুর উপজেলা পরিষদে ১৯/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

(জুম সফট্ওয়ারের মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত)

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ১৯/০৭/২০২১ খ্রিঃ

সভার সময় : সকাল ১০: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে জুম সফট্ওয়ারের মাধ্যমে অনলাইনে সভার আয়োজন করা হয়েছে। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহ্বান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। কৃষি বিভাগ :

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ২০২১-২২ খরিপ-২ মৌসুমে রোপা আমন ২৭৮৫৫ হেক্টর জমিতে লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমান অবস্থায় সার, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ ও সরবরাহ সন্তোষজনক। খরিপ-২ মৌসুমে রোপা আমন কৃষি প্রণোদনার আওতায় মহাদেবপুর উপজেলায় ৭০০ জন ক্ষুদ্র ঋণ ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং হাইব্রিড বীজ ২ কেজি, ডিএপি ২০ কেজি এমওপি ১০ কেজি বিতরণ করা হয়েছে।

১.২। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর:

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, অত্র দপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি কার্যক্রম প্রতি মাসের ন্যায় আলোচ্য স্বাস্থ্য বিধি মেনে দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচির কার্যক্রম নেয়া হয়েছে। দাপ্তরিক জরুরি কার্যক্রমচলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৩। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, দাপ্তরিক জরুরী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে।

১.৪। উপজেলা সমাজসেবা বিভাগ:

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের আওতায় প্রদত্ত সকল ভাতার অর্থ সরাসরি G2P মাধ্যমে ভাতাভোগীর হিসেবে প্রেরণের জন্য ইতি:পূবে গৃহীত এমআইএস কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। মহাদেবপুর উপজেলার ১৭৫০৪ জন ব্যক্তি বিভিন্ন ভাতার আওয়াতায় ভাতা পান। বর্তমানে ভাতাভোগীদের অনলাইন ব্যাংকিং হিসাব খোলা কাজ চলমান রয়েছে। প্রত্যক ভাতাভোগীর ছবি এবং আঙ্গুলের ছাপ দিয়ে অনলাইন হিসাব খোলা হচ্ছে। ভাতাভোগীর আঙ্গুলের ছাপ ছাড়া হিসাব খেকে টাকা উত্তোলন করা সম্ভব নয়। এই পদ্ধতিতে ভাতা বিতরণ সংক্রান্ত অনিয়ম থাকবে না। ভাতা বিতরণের কাজ চলমান আছে। বর্তমানে সকল কর্মচারী কর্মস্থলে উপস্থিত থেকে স্বাস্থ্য বিধি মেনে কার্যক্রম অব্যাহত রয়েছে। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে।

১.৫। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

১.৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, করোনাকালীন ছুটির কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে। জরুরি প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠানের সাথে জুম মিটিংয়ের মাধ্যমে যোগাযোগ করা হচ্ছে এবং নির্দেশনা প্রদান করা হচ্ছে। দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

চলমান পাতা-২

১.৭। উপজেলা মৎস্য অফিস:

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর কার্যালয়ের কার্যক্রম বিষয়ে বর্ণনা করে জানান যে, অফিসে আগত মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান, মৎস্য চাষির পুকুর/খামার পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান, অফিসে আগত মৎস্য চাষীদের পুকুর/খামার পরিদর্শন করে পানি পরীক্ষা অন্তে পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সহযোগিতায় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। স্বাস্থ্য বিধি মেনে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দকৃত ২৬০ টি নলকূপ স্থাপনের জন্য কাজ চলছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.৯। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আলোচ্য মাসে করোনা কারণে প্রশিক্ষণ ও যুব ঋণ কার্যক্রম ব্যহত হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১০। উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বর্ষের অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায় ৪৫০০/- টাকা। আশ্রয়ন ও ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক প্রকল্পের ঋণ আদায় করোনা ভাইরাস-১৯ এর কারণে হচ্ছে না। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস:

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আলোচ্য মাসে সেবাগ্রহীতার তথ্য সম্পর্কে জানান যে, বহিঃ বিভাগ-৩৯১২ জন অন্তঃ বিভাগ-৪৫৬ জন, জরুরি বিভাগ-১০১২ জন, নরমাল ডেলিভারী-১০ জন এবং কুকুর ও অন্যান্য প্রাণির কামড়ানো রোগীর সংখ্যা-৯১ জন, ভ্যাকসিনের বরাদ্দ নাই, মজুদও নেই। বিষ খাওয়া রোগী- ৫৭ জন (পুরুষ-৩৫ জন, মহিলা-২২, রোড অ্যাকসিডেন্ট রোগীর সংখ্যা ১৫৩ জন, মৃত- ১ জন। কমিউনিটিভিশন সেন্টারে মোট রোগীর সংখ্যা-৪২০ জন। ডেঙ্গু রোগীর = NSI Test = 02 Negative=02 Positive= 00 । ডেঙ্গু রোগীর IgG Test = 00 Negative = 00 Positive = 00 । ডেঙ্গু রোগীর ভর্তির সংখ্যা= ০০।

১.১২। উপজেলা আনসার ও ভিডিপি অফিস:

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আলোচ্য মাসে ৫০ জন আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিস:

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান বাস্তবায়নযোগ্য সকল প্রকল্প/কর্মসূচির কাজ সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোভিট-১৯ এর জন্য সরকার প্রণোদনার ব্যবস্থা করেছেন। এই প্রণোদনা মাঠ পর্যায়ে সুষ্ঠভাবে বিতরণ করার জন্যৎ সরকারি -আধাসরকারি পরিপত্র জারি করেছেন , সে মতে কার্যক্রম চলমান আছে। মোট ৩৪ টি স্কীমে বরাদ্দ পাওয়া গেছে ৩৬,৬০,০০০/– টাকা।অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১৪। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, অত্র দপ্তরের মাধ্যমে ১৮৮৫ টি গবাদি পশু ও ১৮১০৭ টি হাঁস, মুরগীর চিকিৎসা করা হয়েছে। ৮৫৭টি গবাদি পশু কৃত্রিম প্রজনন করা হয়েছে। ১৩০০০টি উন্নত মানের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে মোট সক্ষম দম্পত্তি ৬৬৯৮০৪ জন, মোট গ্রহণকারী ৫৫৬৪০ জন, মোট গ্রহণকারীর হার ৭৯.৬৮%, পুরুষ- ১৬২৬৩২ জন, মহিলা- ১৫৮৪৭৪ জন, সর্বমোট= ৩২১১০৬ জন।
স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম:
পুরুষ- ০০ জন, মহিলা- ১২জন, আইইউডি- ০৪ জন, ইমপ্ল্যান্ট- ২০, মোট গর্ভবতী- ১৪৭৬ জন, মোট ডেলিভারী- ১৫ জন, সাধারণ রোগী পুরুষ- ৫৭৭ জন, মহিলা- ২৪৫৪ জন।

১.১৬। পল্লী বিদ্যুৎ সমিতি:

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ জানান বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে। নিয়মিতভাবে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। কোন সমস্যা নেই।

১.১৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, টিআর/কাবিটা ৩য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। দুর্যোগ সহনীয় বাস-গৃহের কাজ চলমান রয়েছে ।

১.১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, **মহাদেবপুর উপজেলার মোট খাদ্য শস্য মজুদ এর পরিমাণ ধান** = ১৮২.৮৮০ মে: টন, চাল = ৪৩৩৫.৪০৪ মে : টন, গম = ১৬৫.১৪৩ মে: টন, আতব চাউল ১৭৪.৪০০ মে: টন এবং সংগ্রহ কার্যক্রম অব্যাহত রয়েছে । চাল (সিদ্ধ) = ১৩১২২.৮১০ মে :টন, ধান =১৮২.৮৮০। বর্তমানে বোরো/২০২১ চলমান রয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই ।

১.১৯। বন বিভাগ:

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, দপ্তরের কাজকর্ম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

আলোচ্য সূচি: ২। বিবিধ আলোচনা ঃ

২.১। উপজেলা পরিষদের নতুন কমপ্লেকভবনের পার্শ্বে নির্মিত হলরুমে প্রয়োজনীয় ফার্নিচার স্হাপন প্রসঙ্গে।

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মহাদেবপুর উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্সভবন ও হলরুম নির্মিত হয়েছে। কিন্তু নতুন হল ভবনে কোনরুপ ফার্নিচার না থাকায় সেখানে কোনরূপ দিবস বা অনুষ্ঠান পরিচালনা করা সম্ভব হয় না। স্হানীয়ভাবে ফার্নিচার ভাড়া করে অনুষ্ঠান পরিচালনা করতে হয়। উক্ত হলরুমে বিভিন্ন জাতীয় দিবসসহ অনান্য সরকারি অনুষ্ঠান সুষ্ঠভাবে পরিচালনার নিমিত্ত দর্শকদের জন্য স্হায়ী চেয়ার স্হাপনসহ আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। চেয়ারস্হাপনসহ আসবাবপত্র ক্রয়ের জন্য নির্দেশমতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত অর্থের পরিমাণ=১৮,০০,০০০/-(আঠার লক্ষ) টাকা মাত্র। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্হানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্হানীয় সরকার বিভাগ,)উপজেলা-১শাখা) কর্তৃক ১৬/২/২০২০খ্রিঃ তারিখের ২৬৪নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৪নং অনুচ্ছেদ মতে নির্ধারিত খাতের বাহিরে বিশেষ প্রয়োজনে অন্য খাতে রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্হানীয় সরকার বিভাগের অনুমতির প্রয়োজন রয়েছে। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ পূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্হানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। ২০২১-২০২২ অর্থ বছরে এ খাতে প্রয়োজনীয় অর্থ রয়েছে বলে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত ঃ

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নব-নির্মিত হলরুমে সুষ্ঠ ও সুন্দরভাবে জাতীয় অনুষ্ঠানসহ সরকারি সকল অনুষ্ঠান পালনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে নব-নির্মিত হলরুমে প্রয়োজনীয় আববাপত্র ক্রয় ও স্হাপনের ব্যবস্হা গ্রহণে জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়। সেক্ষেত্রে উপজেলা পরিষদের সকল বিধিবিধান অনুসরণ করে প্রস্তাব অনুমোদনের জন্য স্হানীয় সরকার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে সভায় অনুরোধ জানানো হয়।

.৩। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থ এবং সংশ্লিষ্ট হাট উন্নয়নের ও অনুন্নত হাট উন্নয়নের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থ এবং সংশ্লিষ্ট হাট উন্নয়নের অর্থ ও অনুন্নত হাট উন্নয়নের অর্থ খাতওয়ারী বিভাজন করা হয়েছে। বিভাজিত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার,মহাদেবপুর সভায় জানান যে, সংশ্লিষ্ট হাট উন্নয়নের অর্থ ও অনুন্নত হাট উন্নয়নের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপজেলা হাট-বাজার ব্যবস্হাপনা কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রকল্প গ্রহণ করা আবশ্যক।

সুপারিশ/সিদ্ধান্ত ঃ

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি থেকে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থ এবং সংশ্লিষ্ট হাট উন্নয়নের অর্থ ও অনুন্নত হাট উন্নয়নের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের নিমিত্ত বিভাজন অনুযায়ী সকল ইউপি হতে প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্পের কারিগরি দিক পরীক্ষা করে সংশ্লিষ্ট হাট উন্নয়নের অর্থ ও অনুন্নত হাট উন্নয়নের অর্থ দ্বারা প্রাপ্ত প্রকল্প সমূহ আগামী হাট-বাজার ব্যবস্হা কমিটির সভায় উপস্হাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়। এবং হাট-বাজারের প্রকল্পসহ উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা গৃহীত সকল প্রকল্প আগামী সমন্বয় কমিটির সভায় উপস্হাপনের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে অনুরোধ জানান হয়।

সভাপতি জানান, করোনা প্রতিরোধে নো মাস্ক, নো সার্ভিস এ স্লোগানকে সামনে রেখে এর সঠিক বাস্তবায়ন করতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় স্বাস্থ্যবিধি মেনে স্ব-স্ব বিভাগীয় সকল কার্যক্রম পরিচালনার জন্য সকলকে আহ্বান জানিয়ে সভায় সংযুক্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবীব)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☎০৭৪২৬-৭৫১০০ মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল: uzpcmohadevpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
Website: mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০.১০.০১.২১-

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৯ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ- ৩, মহাদেবপুর-বদলগাছী নির্বাচনী এলাকা, নওগাঁ।
জেলা প্রশাসক, নওগাঁ।
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
উপজেলা ----------------------------------------------------অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
চেয়ারম্যান, ---------------------------------------------ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
-------------------------------------------------------------------------------------------

মোঃ মিজানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর,নওগাঁ।
☎২৫৮৮৮৮৫০০১
মোবা: ০১৭৭৪৯১৪৮৪৯
ই-মেইল: unomohadevpur@mopa.gov.bd